বাংলায় অনুবাদ চাওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আশা করি এই তথ্য আপনার কাজে লাগবে। অনুগ্রহপূর্বক জেনে রাখুন, যদিও আমরা মৌলিক তথ্যাদি বিভিন্ন ভাষায় দিয়ে থাকি, তথাপি আমাদের কলেজের সব পাঠদান (টিচিং) শুধুমাত্র ইংরেজিতে প্রদান করা হয় এবং যাবতীয় শিক্ষা-সামগ্রী ইংরেজিতে লেখা থাকে।

সাউথেন্ড এডাল্ট কমিউনিটি কলেজে আপনাকে স্বাগতম...
আমাদের কলেজে ভর্তি হয়ে আমাদের আকর্ষণীয় সুযোগ সুবিধাগুলো কাজে লাগান এবং অমূল্য সম্পদ বিদ্যাশিক্ষার বীজ বপন করুন। আমাদের কলেজে রয়েছে সর্বাধুনিক কম্পিউটার প্রযুক্তি, সহজে প্রবেশযোগ্য বিল্ডিং এবং লিফ্‌ট, শিক্ষাদানের কাজে নিবেদিত টিউটর (শিক্ষক), সুস্বাদু খাবার এবং প্রাপ্তবয়স্কদের (এডাল্টদের) জন্য শিক্ষা লাভের মনোরম এবং আকর্ষণীয় পরিবেশ। আমাদের সাউথচার্চ সেন্টারে রয়েছে কলেজের শিক্ষার্থীদের শিশুদের জন্য নির্মিত একটি নার্সারি স্কুল। আমাদের কলেজে ক্লাস করার সময় ঐ নার্সারি স্কুলে আপনার বাচ্চাকে দেখাশোনা ও হেফাজত করার ব্যবস্থাও আমরা করতে পারবো। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 01702 614171 নাম্বারে ফোন করুন।

আমাদের কলেজে আমরা আমাদের ছাত্রছাত্রীদের নানা ধরনের চাওয়া পাওয়া পূরণ করার জন্য আপ্রাণ চেষ্টা করি এবং প্রত্যেকের সমান অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করে থাকি। নারী পুরুষ, জাতিগত উৎস, ধর্ম, সমকামীতা, বয়স, সামর্থ্য এবং সামাজিক পরিস্থিতি, ইত্যাদির ভিত্তিতে কাউকে ভেদাভেদ না করে আমাদের সব ছাত্রছাত্রীকে আমরা সমান সুযোগ প্রদান করি। এই নীতিটি কলেজের সব কর্মসূচী, পাঠদান এবং প্রথা পদ্ধতিতে অনুসরণ করা হয়।

এটি এমন একটি কলেজ যেখানে সব শিক্ষার্থী

- পূর্ণ মর্যাদা ও সম্মান লাভ করেন
- সমাদর লাভ করেন
- বন্ধুসুলভ আচরণ লাভ করেন
- সমান সুযোগ পান।

লার্নিং ডিফিকাল্টিজ (মেধা ও বুদ্ধিগত বিকলতা) রয়েছে এমন লোকদের সহ, ডিজেবোল্ড অথবা বিকলাঙ্গ লোকদের জন্য আমাদের নানা ধরনের সাহায্য ব্যবস্থা এবং বিশেষ ধরনের কৌর্স রয়েছে। এগুলো সম্পর্কে বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 01702 445700 নাম্বারে আমাদেরকে ফোন করুন।

নিম্নলিখিত বিষয়গুলোতে আমাদের কলেজে অনেক ধরনের কৌর্স রয়েছে:
আর্ট, ক্রাফ্‌ট এন্ড টেক্সটাইল্‌স (অংকন শিল্প, হস্তশিল্প এবং বস্ত্রশিল্প)
কম্পিউটিং (কম্পিউটার শিক্ষা)
চাইল্ডকেয়ার (শিশু পরিচর্যা)
বিজনেস (ব্যবসা)
ফুড স্টাডিজ (খাদ্য শিক্ষা)
হর্টিকালচার এন্ড ফরেস্ট্রি (বাগান এবং বনবিদ্যা)
হেলথ এন্ড ফিটনেস (স্বাস্থ্য এবং সবলতা বিদ্যা)
হিউম্যানিটিজ (ইতিহাস, ভূগোল, সাহিত্য এবং আইন)
পারফর্মিং আর্টস (নাট্য কলা)
ম্যাথ এন্ড সাইন্স (অংক ও বিজ্ঞান)
ট্রেইনিং এন্ড এন.ভি.কিউজ (প্রশিক্ষণ এবং জাতীয় কারিগড়ি বিদ্যা)
অন্য ভাষাভাষী লোকদের জন্য ইংরেজি শিক্ষার (ই.এস.ও.এল) কৌর্স সহ, স্কিল্‌স ফর লাইফ কৌর্স

ই.এস.ও.এল (ESOL)
আমাদের ই.এস.ও.এল (ESOL) কৌর্সগুলোতে ভর্তি হয়ে ইংরেজিতে কথাবার্তা বলা, বোঝা, পড়া এবং লেখা উন্নত করতে পারবেন। খুব তাড়াতাড়ি ইংরেজি শিখতে আগ্রহী শিক্ষার্থীদের জন্য তড়িৎ গতির কৌর্স সহ, আমাদের কলেজে সব চাহিদার উপযুক্ত কৌর্স রয়েছে।

কোনো ফি না নিয়ে এই ধরনের ক্লাসে আপনাকে ভর্তি করা সম্ভব হতে পারে। তবে তা নির্ভর করবে আপনার পরিস্থিতি এবং আয়ের উপর। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 01702 445710 নাম্বারে ফোন করে একজন স্টুডেন্ট এডভাইজার (Student Adviser) এর সংগে দেখা করার জন্য একটি এপয়েন্টমেন্ট বানিয়ে নিন।

পারিবারিক শিক্ষা (ফ্যামিলি লার্নিং)
আমাদের কলেজে পরিবারের সবাই মিলে আনন্দের সাথে শিক্ষা লাভ করার জন্য সারা বছর ব্যাপী **বিনামূল্যে** বিষয় ভিত্তিক ওয়ার্কশপেরও আয়োজন করা হয়। এসব ওয়ার্কশপে থাকে গান বাজনা, নাচ ও আর্ট ইত্যাদির সংমিশ্রণ – বাচ্চাদের সাথে মিলে আনন্দ করা এবং একই সাথে বাচ্চাদের জ্ঞান বিকাশে সাহায্য করার কৌশল রপ্ত করা এবং নিজেদের জ্ঞানও বৃদ্ধি করার অপূর্ব সুযোগ প্রদান করে এসব কৌর্স।

বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 01702 445732 নাম্বারে ফোন করুন।

প্রায়ই জিজ্ঞাসা করা হয় এমন প্রশ্নগুলোর উত্তর

আমি যে কৌর্সে ভর্তি হতে চাই সেই কৌর্সে যদি কোনো সিট খালি না থাকে তাহলে কি হবে?
আপনার ভর্তির দরখাস্ত ফর্ম আমাদের হাতে এসে পৌঁছার পর যদি ইতিমধ্যেই সব সিট পূরণ হয়ে যায় (এবং দরখাস্ত ফর্মে আপনি বিকল্প কোনো কৌর্সে ভর্তি হওয়ার ইচ্ছার কথা লিখে না দিয়ে থাকেন) তাহলে আমরা যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে জানাবো যে কোনো সিট খালি নেই। আপনার নাম ওয়েটিং লিস্টে তোলা হবে। যদি কোনো কৌর্সে সিট সংখ্যা থেকে ভর্তি হতে ইচ্ছুক দরখাস্তকারীদের সংখ্যা বেশি হয়ে যায়, তাহলে আমরা আপনাকে অন্য কোনো ক্লাসে ভর্তি করার চেষ্টা করবো।

কোনো কৌর্সের জন্য আমাকে ওয়েটিং লিস্টে রাখার পর কি করা হবে?
যদি কৌর্স শুরুর ৩ সপ্তাহের ভিতরে আপনার সাথে আমরা যোগাযোগ না করি, তাহলে অনুগ্রহ করে ধরে নেবেন যে কোনো সিট খালি নাই এবং আপনাকে ভর্তি করা সম্ভব হবে না।

আমি যে কৌর্সে ভর্তি হতে আগ্রহী সেটি যদি তেমন বেশি জনপ্রিয় না হয় তাহলে কি হবে?
আমরা সর্বদাই যতটুকু সম্ভব দেরীতে ভর্তির হওয়ার সুযোগ খোলা রাখি। তবে কোনো কৌর্সে খুব কম শিক্ষার্থী ভর্তি হলে আমাদের দ্বারা সেই কৌর্স পরিচালনা করা সম্ভব হয় না। আপনি যে কৌর্সে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করবেন সেটি যদি বাতিল করে দেওয়া হয়, তাহলে আমরা আপনাকে একটি গ্রহণযোগ্য বিকল্প কৌর্সে ভর্তি করার চেষ্টা করবো। যদি তা সম্ভব না হয় তাহলে আপনার পরিশোধিত পুরো ফি ফেরত দেওয়া হবে।

কৌর্সে প্রথম দিন গিয়েই যদি আমি দেখতে পাই যে আমার পছন্দকৃত কৌর্সটি আমার জন্য অনুপযুক্ত তাহলে কি হবে?
সম্ভব হলে আপনাকে একটি বিকল্প কৌর্সে ভর্তি হওয়ার সুযোগ দেওয়া হবে, অথবা কৌর্স শুরুর তারিখের এক সপ্তাহ আগে আমাদেরকে জানালে পুরো টুইশন ফি ফেরত দেওয়া হবে। কোনো একজন শিক্ষার্থী কৌর্স শুরু হওয়ার এক সপ্তাহের ভিতরে কেবলমাত্র অন্য একটি কৌর্সেই স্থানান্তরিত হতে পারবেন। অনুগ্রহ করে জেনে রাখুন যে, অধিকাংশ কৌর্স ফির মধ্যে £15 রেজিস্ট্রেশন ফি থাকে এবং তা ফেরত দেওয়া হবে না।

কৌর্স শুরুর পর শিক্ষা বছরের কোনো এক সময় যদি আমি তা বন্ধ করে দিতে চাই তাহলে কি হবে?
আমরা খুব স্বল্প বাজেটের অধীনে কাজ করি। আর তাই কৌর্স শুরু হওয়ার পর এক সপ্তাহ পার হয়ে গেলে দুঃখবশত কোনো ফি ফেরত দেওয়া সম্ভব হবে না।

আমি যদি আয়-ভিত্তিক সরকারী বেনিফিটে থাকে এবং বেনিফিট রেইটে ভর্তি হতে চাই তাহলে কি হবে?
আপনাকে বেনিফিট পাওয়ার প্রমাণস্বরূপ কাগজপত্রের কপি অবশ্যই প্রদান করতে হবে। আমরা দুঃখিত যে, বেনিফিটের প্রমাণস্বরূপ কাগজপত্র সংগ্রহ করতে থাকাকালে আমরা কোনো সিট ধরে রাখতে পারবো না।

কৌর্সের ফি যোগাড় করা আমার জন্য সমস্যা হলে কি হবে?
বেনিফিট গ্রহণকারী বা ফি যোগাড় করতে অপরাগ কাউকে আমরা কৌর্সে ভর্তি হওয়া থেকে বঞ্চিত করতে চাই না। আর্থিক অসুবিধার ভিত্তিতে কৌর্স ফিতে আংশিক ছাড় লাভ করার জন্য আপনি কলেজের ‘একসেস ফান্ডে’ দরখাস্ত করতে পারবেন।

আমার কৌর্সের ফি যদি আমি একবারে পরিশোধ করতে না পরি তাহলে কি হবে?
কৌর্স ফি কিস্তিতে পরিশোধ করার ব্যবস্থা করা হয়তো সম্ভবপর হতে পারে। অনুগ্রহ করে কলেজে যোগাযোগ করে এই ব্যাপারে বিস্তারিত জেনে নিন।

আমি যদি এর আগে বেশি দিন লেখাপড়া না করে থাকি তাহলে কি হবে?
আমাদের কলেজে একটি স্টাডি স্কিল্‌স সেন্টার (Study Skills Centre) রয়েছে এবং এটি নমনীয় ভাবে পরিচালনা করা হয়। এখান থেকে দক্ষতার সাথে পঠন এবং লিখন সহ, লেখাপড়া শিক্ষার মৌলিক দক্ষতাগুলো আবারো ধারালো করে করে নিতে সাহায্য করা হয়।

আমার যদি কোনো ডিজেবিলিটি থাকে এবং সিঁড়ি বেয়ে উঠানামা করতে না পারি তাহলে কি হবে?
সব ক্লাসরুমেই হুইলচেয়ার ব্যবহারকারীদের এবং চলাফেরায় অসুবিধা রয়েছে এমন লোকদের প্রবেশ সুবিধা রয়েছে (যদি না লেখাপড়ার কাজের ধরনের ভিত্তিতে অন্য কোনো ব্যবস্থার কথা, যেমন বেল বাজানোর কথা উল্লেখ করা হয়)। সাউথচার্চ, লেই এবং প্রিটোলওয়েল সেন্টারে লিফ্‌ট রয়েছে। তবে চলাফেরার সুবিধা নিয়ে আপনার কোনো উদ্বেগ থাকলে অনুগ্রহ করে ভর্তির আগেই একজন স্টুডেন্ট এডভাইজারের সাথে যোগাযোগ করবেন।

আমার পছন্দকৃত কৌর্স শেষ করার জন্য যদি আমার সাহায্যের প্রয়োজন হয় তাহলে কি হবে?
আমরা হয়তো অনেক ভাবে আপনাকে সাহায্য করতে পারবো। অনুগ্রহ করে একজন স্টুডেন্ট এডভাইজারের সাথে দেখা করার জন্য 01702 445710 নাম্বারে ফোন করে একটি এপয়েন্টমেন্ট বানিয়ে নিন। আপনার অনুরোধ বিবেচনাধীন থাকাকালে আপনার জন্য একটি সিট খালি রাখা হবে।

ক্লাসে আসার পর যদি আমার গাড়ি পার্ক করার প্রয়োজন হয় তাহলে কি হবে?
সাউথচার্চ, প্রিটোলওয়েল এবং শোবারি সেন্টারে পার্কিং ব্যবস্থা রয়েছে। লেই সেন্টারে সীমিত পরিমাণের পার্কিং ব্যবস্থা আছে তবে নিকটবর্তী স্থানে একটি পাবলিক কার পার্ক রয়েছে।

যদি আমি তিন বছর ইউ.কে/ইউরোপীয়ান ইউনিয়ন (ই.ইউ) এর বাসিন্দা বা সিটিজেন না হই তাহলে কি হবে?
এই ক্ষেত্রে আপনাকে অতিরিক্ত ফি পরিশোধ করতে হতে পারে। অনুগ্রহ করে একজন স্টুডেন্ট এডভাইজারের সংগে যোগাযোগ করে বিস্তারিত জেনে নিন।

আমি যদি ইংলিশ ফর স্পিকার্স অব আদার ল্যাংগুয়োজ (ই.এস.ও.এল) ক্লাসে ভর্তি হতে চাই তাহলে কি হবে?
আমরা হয়তো আপনাকে এই ধরনের ক্লাসে বিনা ফিতে ভর্তি করতে পারবো। তা নির্ভর করবে আপনার পরিস্থিতি এবং আয়ের উপর। অনুগ্রহ করে একটি এপয়েন্টমেন্ট করে নিয়ে একজন স্টুডেন্ট এডভাইজারের সাথে দেখা করে আপনার জন্য সবচেয়ে উপযুক্ত একটি কৌর্স ও ফি সম্পর্কে জেনে নিন।

যদি আমি আমার দেশে বা বাড়িতে লেখাপড়া করে থাকি এবং এখন জি.সি.এস.এই এবং এ.এস/এ2 লেভেল পরীক্ষা দিতে চাই তাহলে কি হবে?
এই ক্ষেত্রে আপনার শিক্ষায় সাহায্য করার জন্য এডাল্ট কমিউনিটি কলেজ আপনার জন্য সবচেয়ে ভাল হবে বলে আমরা মনে করি না। অনুগ্রহ করে প্রথম অবস্থায় সিভিক সেন্টারে অবস্থিত সাউথেন্ড-অন-সি বারা কাউন্সিলের এজুক্যাশন অফিসারের সাথে 01702 215000 নাম্বারে ফোন করে এই ব্যাপারে জেনে নিন।

আমার যদি পাঠ্যবই এবং/অথবা অতিরিক্ত শিক্ষা-সামগ্রীর প্রয়োজন হয় তাহলে কি হবে?
কৌর্স ফি বাদে যে কোনো অতিরিক্ত খরচ সম্পর্কে আপনার ভর্তির রিসিটের সাথে পাঠানো তথ্যপত্রে লেখা থাকবে। আপনার ভর্তির রিসিট এবং ঐ তথ্যপত্রটি আমরা আপনার নামে পাঠাবো।

ভিক্টোরিয়া এভিনিউ (Victoria Avenue)-এ অবস্থিত সাউথেন্ড সেন্ট্রেল লাইব্রেরীতে বইপত্র, খবরের কাগজ, ম্যাগাজিন, ডি.ভি.ডি, সি.ডি, বিনামূলে ইন্টারনেট ব্যবহার করার সুযোগ সহ, লেখাপড়ার প্রচুর সামগ্রীর রয়েছে। 01702 534100 নাম্বারে ফোন করে বিস্তারিত জেনে নিন।

আমাদেরকে কিভাবে পাবেন...
এক্টিভিটি সেন্টারগুলোর (শিক্ষা কেন্দ্রগুলোর) ঠিকানা

সাউথচার্চ সেন্টার (Southchurch Centre)
Ambleside Drive, Southend on Sea, SS1 2UP

লেই সেন্টার (Leigh Centre)*
Elm Road, Leigh on Sea

প্রিটোলওয়েল সেন্টার (Prittlewell Centre)
Chase High School
Prittlewell Chase, Southend on Sea
টেলিফোনঃ 01702 430179

শোবারি সেন্টার (Shoebury Centre)*
Shoeburyness County High School
Caulfield Road, Shoeburyness

কুইন্সওয়ে রিসৌর্স থেরাপি সেন্টার (Queensway Resource Therapy Centre)*
Queensway House, Essex Street, Southend on Sea

সাউথেন্ড হাই স্কুল ফর বয়েজ (Southend High School for Boys)*
Prittlewell Chase, Southend on Sea

সাউথেন্ড হাই স্কুল ফর গার্লস (Southend High School for Girls)*
Southchurch Boulevard, Southend on Sea

সেইন্ট মেরিজ চার্চ (St Mary's Church)*
East Street, Prittlewell

*অনুগ্রহ করে সাউথেন্ড চার্চ সেন্টারের সাথে যোগাযোগ করুন।

আরো বিস্তারিত ভাবে জানার জন্য অনুগ্রহ করে...

- কলেজের যে কোনো সেন্টার, যে কোনো সুপারমার্কেট বা লাইব্রেরী থেকে আমাদের পুরো ব্রোশার (নির্দেশিকা) নিয়ে তা পড়ে নিন।
- আমাদের এই ওয়েবসাইটে যানঃ www.southend-adult.ac.uk
- 01702 445700 নাম্বারে ফোন করুন
- এই ঠিকানায় আমাদেরকে ইমেইল করুনঃ info@southend-acl-college.ac.uk
- অ্যাম্বোলসাইড ড্রাইভ (Ambleside Drive)-এ অবস্থিত আমাদের সাউথচার্চ সেন্টারে আসুন এবং একজন স্টুডেন্ট এডভাইজারের সাথে দেখার করার এপয়েন্টমেন্ট বানিয়ে নিন।

আমরা আপনাকে স্বাগত জানানোর অপেক্ষায় রইলাম...